সভা নং-৩৩৮

## বটিয়াঘাটা উপজেলা পরিষদের জানুয়ারি, ২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ আশরাফুল আলম খান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা ।

সভার তারিখ ঃ ১১/০১/২০২৪ খ্রি. সকাল ১০.০০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট-ক.

| ক্র. নং | দপ্তর/বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্হা/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | সভাপতি | সভার শুরুতে সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসারসহ সকলকে নতুন বছরের শুভেচ্ছা জানিয়ে উপজেলা পরিষদের জানুয়ারি/২৪ মাসের সভার কার্যক্রম শুরু করেন।<br>অত:পর ডিসেম্বর,২৩ মাসের সভার কার্যবিবরনী পাঠ করা হয়। | ডিসেম্বর,২০২৩ মাসের সভার কার্যবিবরনী পাঠঅন্তে কোনো সংশোধনী না থাকায় কার্যবিবরনী দৃঢ়িকরন করা হয়। | উপস্থিত সকল সদস্য |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে নতুন বছরের শুভেচ্ছা জানান। তিনি উপজেলা চেয়ারম্যান মহোদয়, ইউপি চেয়ারম্যানবৃন্দ, সকলকর্মকর্তা ও কর্মচারীবৃন্দদের গত ৭ই জানুয়ারি অবাদ, সুষ্ট ও নিরেপক্ষ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপহার দেওয়ার জন্য আন্তরিক ধন্যবাদ জানান। তিনি জানান উপজেলার কোথাও নির্বাচনী আচারন বিধিমালা লঙ্ঘন হয় নাই।<br>অত:পর তিনি দপ্তর ভিত্তিক আলোচনা করার জন্য ইউপি চেয়ারম্যান বৃন্দ এবং দপ্তর প্রধানকে অনুরোধ করেন। | ইউপি চেয়ারম্যান বৃন্দ এবং দপ্তর প্রধানগণ তাদের দাপ্তরিক আলোচনা শুরু করেন। | সদস্যবৃন্দ |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন, উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে একটি এলসিডি স্বাস্থ্য কেন্দ্র আছে। সেখানে ডায়াবেটিকস ও প্রেসারের রুগীদের বিনামূল্যে স্বাস্থ্য সেবা দেওয়া হয়। প্রতিমাসে চেকআপ করা হয় এবং এক মাসের ঔষধ দেওয়া হয়। তিনি বলেন, শীত মৌসুমে অনেকে খেজুরের কাঁচা রস পান করেন। খেজুরের রস বাঁদুর খেলে বাঁদুরের লালার মাধ্যমে নিপা ভাইরাস নামে এক ধরনের ভাইরাস মানব দেহে ছড়িয়ে পড়তে পারে। তিনি কাঁচা রস না খাওয়ার জন্য পরামর্শ দেন। তিনি আরো বলেন, বর্তমানে হাসপাতালে এ্যানেস্থেসিয়ান এবং সার্জারী ডাক্তার নাই যার ফলে অপারেশন করা যাচ্ছে না। | কার্যক্রম স্বাভবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>এ্যানেস্থেসিয়ান এবং সার্জারী ডাক্তারের বিষয়ে জেলা উন্নয়ন সমন্বয় সভায় আলোচনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা। |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আমন ধান কাটা শেষ হয়েছে। রবি ধানের বীজতলা তৈরির কাজ অনেক জায়গায় শেষ হয়েছে। কৃষি প্রণেদনা বিতরন সকল ইউনিয়নে সুন্দরভাবে শেষ হযেছে। বর্তমানে সূর্যমুখি এবং ভুট্রা চাষের কার্যক্রম চলছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | উপজেলা পঃপঃ বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, বটিয়াঘাটা উপজেলার মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপ: পঃপঃ কর্মকর্তা |
| ৬. | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ | সিনিঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি বলেন, ঈলিশ মৎস্য সম্পদ ধংশকারী অবৈধ জাল নির্মূলে বিশেষ কম্বিং অপারেশ আগামী ২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত ৪টি ধাপে(আমাবশ্যা ও পূর্ণিমার সময়) পরিচালিত হবে। এ বিষয়ে তিনি সকলের সহযোগীতা কামনা করেন। তিনি আরো বলেন, তার অফিসের পিছনে নবনির্মিত ড্রেনটিতে পানি জমে থাকায় ও ড্রেনের ঢাকনা না থাকার কারনে মশা বংশ বিস্তার ও উপদ্রব বৃদ্ধি পেয়েছে। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বলেন, বটিয়াঘাটা উপজেলায় খাস খতিয়ানভূক্ত সি.এস ও এস.এ রেকর্ডীয় সে সকল সরকারি খাস খাল আছে সেগুলি বন্দোবস্ত ও ইজারা দেওয়ার ফলে পানি সরবরাহে বাধা সৃষ্টি হওয়ার কারনে নদীর নব্যতা হারিয়ে যাচ্ছে। ইতোমধ্যে শৈলমারি নদী ভরাট হয়ে গিয়েছে। তিনি জনস্বার্থে খাস খতিয়ানভূক্ত সি.এস ও এস.এ রেকর্ডীয় খালগুলি বন্দোবস্ত ও ইজারা তালিকা হতে বাদ দেওয়ার জন্য সভার মাধ্যমে অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ১%ভূমি হস্তান্তর কর তহবিল হতে এসডিজি ও বিশুদ্ধ পানি সরবরাহ প্রকল্প রাখার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। তিনি উপজেলা প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে সপ্তাহে একদিন করে বাচ্চাদের মিড ডে খাবার পরিবেশন করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>জনস্বার্থে খাস খতিয়ানভূক্ত সি.এস ও এস.এ রেকর্ডীয় খালগুলি বন্দোবস্ত ও ইজারা তালিকা হতে বাদ দেওয়ার বিষয়ে সহ:কমিশনার (ভূমি) বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন।<br>১%ভূমি হস্তান্তর কর তহবিল হতে এসডিজি ও বিশুদ্ধ পানি সরবরাহ প্রকল্প রাখার জন্য এবং সপ্তাহে একদিন করে বাচ্চাদের মিড ডে খাবার পরিবেশন করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | ক।সহ:কমিশনার(ভূমি)<br>খ।সি:উ: মৎস্য কর্মকর্তা |
| ৭. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি বলেন, ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে প্রাণিসম্পদ দপ্তরের সেবা সপ্তাহ পালন করা হবে। তিনি আরো বলেন, ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে মেলার আয়োজন করা হবে যে সকল খামারীদের বড় গরু, ছাগল বা অনান্য প্রাণি আছে তাদের মেলায় প্রদর্শনের জন্য সভার মাধ্যমে সকলকে অবহিত করার জন্য অনুরোধ করেন। প্রদর্শণীতে পুরুস্কারের ব্যবস্থা রাখা হয়েছে। তিনি মেলায় সকলকে আমন্ত্রণ জানান এবং সহযোগীতা করার জন্য অনুরোধ করেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৮. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি বলেন সকল প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের মাঝে বই বিবরণ শেষ হয়েছে। তিনি জানান তার অফিস মেরামত করা জরুরী। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>অফিস মেরামতের বিষয়ে উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ৯. | উপজেলা মা: শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মাঃ শিক্ষা কর্মকর্তা। |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি বলেন, ১৪টি ব্যচে প্রশিক্ষণ চলছে। ঋণ বিতরণের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কিছু খেলাপি ঋন আছে সেগুলি আদায়ের বিষয়ে লাল নোটিস দেওয়ার প্রস্তুতি নেওয়া হচ্ছে। তিনি আরো বলেন, তার দপ্তরের অফিস ভবনের অবস্থা | কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>অফিস মেরামতের বিষয়ে উ: প্রকৌশলী সরেজমিনে পরিদর্শণ করে বিধি | ক। উপজেলা প্রকৌশলী।<br>খ।উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| | খুবই নাজুক জরুরী মেরামত করা প্রয়োজন। | মোতাবেক ব্যবস্থা নিবেন। | |
| ১১. উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি বলেন, বয়স্ক ভাতাভোগী, বিধবা ও স্বামী নিগৃহীতা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগী আছে তাদের মধ্যে অনেকে নিরুদ্দেশ ও মোবাইল বন্ধ ব্যক্তি আছে। ভাতাভোগীগণ লাইফ ভেরিফিকেশনের সময় উপস্থিত হননি, তিনি তাদেরকে খুঁজে বের করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন এবং ভাতাভোগীদের মৃত্যু সনদ ও তাদের পরিবর্তে ভাতা প্রাপ্তির অগ্রাধিকার অনুযায়ী তালিকা প্রেরণের জন্য অনুরোধ করেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সমাজসেবা কর্মকর্তা |
| ১২. উপজেলা মহিলা অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি উপজেলা পরিষদ সীমানার মধ্যে সুবিধাজনক জায়গায় একটি ক্যান্টিন করার জন্য সভায় প্রস্তাব করেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সকল সদস্য |
| ১৩. উপজেলা প্রকৌঃ বিভাগ | উপজেলা প্রকৌশলী বলেন তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, উপজেলা পরিষদ রাজস্ব ও উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে কয়েকটি কমিটি পাওয়া গিয়েছে তিনি কমিটিসমূহ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br><br>তিনি আরো বলেন, ২০২৩-২৪ অর্থবৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অর্থায়নে বটিয়াঘাটা উপজেলা পরিষদের আওতায় বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ প্রকল্প বাছাই কমিটি কর্তৃক প্রস্তাবিত স্কীম,বরাদ্দ ও বাস্তবায়ন প্রক্রিয়া অনুমোদনের জন্য উপজেলা পরিষদ বরাবরে সুপারিশ করা হয়েছে। তিনি সুপারিশকৃত স্কীম,বরাদ্দ ও বাস্তবায়ন পদ্ধতি সভায় পাঠ করে শোনান এবং প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের আহবান জানান। | সভায় আলোচনাঅন্তে প্রকল্প কমিটিসমূহ অনুমোদন করা হয়। পরিশিষ্ঠ-খ।<br><br>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ প্রকল্প বাছাই কমিটি কর্তৃক ২০২৩-২৪ অর্থবৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অর্থায়নে বটিয়াঘাটা উপজেলা পরিষদের আওতায় বাস্তবায়নের জন্য সুপরিশকৃত স্কীম,বরাদ্দ ও বাস্তবায়ন প্রক্রিয়া (পরিশিষ্ট-গ) অনুমোদন করা হলো। উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ক।উপজেলা প্রকৌশলী।<br>খ।প্রকল্প কমিটি। |
| ১৪. উপ: সহ: প্র: জনস্বাস্থ্য | উপ: সহ: প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপ: সহ: প্র: জনস্বাস্থ্য |
| ১৫. উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা স: কর্মকর্তা |
| ১৬. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৭. প্রকল্প | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে | উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | বাস্তবায়ন বিভাগ | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, হত দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতার কাজে সাইড ভিজিট কাজের পরিদর্শনে গিয়ে অনেক সময় লেবার হাজিরা কম পাওয়া যায়। তিনি আরো বলেন, ২০দিনের কাজ শেষ হলে বিল দাখিল করার বিধান থাকলেও অনেকে বিল দাখিল করেন নাই ফলে শ্রমিকরা তাদের মজুরী পাচ্ছেন না। তিনি বিল দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানদের মাধ্যমে অনুরোধ করেন। | পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | প্র:বা: কর্মকর্তা |
| ১৮. | ফরেস্টার সামাজিক বণবিভাগ | ফরেস্টার সামাজিক বণবিভাগ সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | ফরেস্টার সামাজিক বন বিভাগ |
| ১৯. | ইন্সট্রাক্টর | ইন্সট্রাক্টর, ইউআরসি বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | ইন্সট্রাক্টর, ইউআরসি |
| ২০ | চেয়ারম্যান, ৭নং ইউপি | চেয়ারম্যান ৭নং আমিরপুর ইউপি জানান, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৭নং ইউপি। |
| ২১ | চেয়ারম্যান, ৫নং ইউপি | চেয়ারম্যান ৫নং ভান্ডারকোট ইউপি সভায় তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | প্যানেল চেয়ারম্যান ৫নং ইউপি। |
| ২২ | চেয়ারম্যান, ৩নং ইউপি | চেয়ারম্যান ৩নং গঙ্গারামপুর ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৩নং ইউপি। |
| ২৩ | চেয়ারম্যান, ৪নং ইউপি | চেয়ারম্যান ৪নং সুরখালী ইউপি সভায় জানান তার ইউনিয়নের কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৪নং ইউপি। |
| ২৪ | চেয়ারম্যান, ২নং ইউপি | চেয়ারম্যান,২নং বটিয়াঘাটা ইউপি সভায় জানান, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ২নং ইউপি। |
| ২৫ | চেয়ারম্যান, ৬নং, ইউপি | চেয়ারম্যান ৬নং বালিয়াডাঙ্গা ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৬নং ইউপি। |
| ২৬ | চেয়ারম্যান, ১নং, ইউপি | ১নং জলমা ইউ.পি চেয়ারম্যান সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান, ১নং, ইউপি |
| ২৭ | ভাইস চেয়ারম্যান | ভাইস চেয়ারম্যান বলেন, তিনি নিজে, মহিলা ভাইস চেয়ারম্যান ও চেয়ারম্যান মহোদয়কে সরকারি বিভিন্ন সভায় যোগদানের জন্য জেলা প্রশাসক মহোদয়ের দপ্তরসহ জেলা অফিসে যেতে হয়। এছাড়া উপজেলার বিভিন্ন ইউনিয়নের উন্নয়নমূলক কাজ দর্শণে গমন করতে হয়। এ জন্য সরকার নির্ধারিত ভ্রমণ ভাতা রয়েছে, তিনি চেয়ারম্যান মহোদয়ের,তার এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ডিসেম্বর,২৩ মাসে চেয়ারম্যান মহোদয়ের-১০,৮৫০/-ভাইস চেয়ারম্যানের-৭,৭৫০/-,মহিলা ভাইস চেয়ারম্যানগণের-৭,৮০০/- টাকা ভ্রমণ বিল রাজস্ব তহবিল হতে টাকা এবং জানুয়ারি, ২৪ মাসের সম্ভব্য ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | সভায় আলোচনান্তে সম্ভাব্য ভ্রমণ বিবরনী ও গত মাসের বিলের টাকা অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | মহিলা ভাইস চেয়ারম্যান | মহিলা ভাইস চেয়ারম্যান বলেন, তার কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | মহিলা ভাইস চেয়ারম্যান। |
| ৯ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, ইভ-টিজিং, নারী নির্যাতন, বাল্যবিবাহ ইত্যাদি সামাজিক ব্যধির কুফল সম্পর্কে জনগণকে সচেতন করার জন্য এবং এর কুফল সম্পর্কে ও সরকারি জমি দখল সংক্রান্ত বিষয়ে ইউনিয়ন পরিষদ সভায় আলোচ্যসূচী রাখাসহ সকল মসজিদে জুম্মার নামাজের খুৎবার সময় বয়ান করার ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধিদের প্রতি অনুরোধ করেন। | সকল ইউ,পি চেয়ারম্যান জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, ইভ-টিজিং, নারী নির্যাতন, বাল্য বিবাহ ইত্যাদি সামাজিক ব্যাধির কুফল সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | চেয়ারম্যান সকল ইউপি ও সকল সদস্য। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কার্যক্রম শেষ করেন।

১১।০৯।২০২৪

(মোঃ আশরাফুল আলম খান)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলন

স্মারক নং-০৫.০০.৪৭১২.০০০.০১.০০২.২৪-৯৬ তারিখ ঃ ১৭/০১/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

১। জনাব পঞ্চানন বিশ্বাস, এম.পি, মাননীয় হুইপ, মহান জাতীয় সংসদ।
২। যুগ্ম সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, খুলনা।
৪। উপ-সচিব, রাজনৈতিক শাখা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বটিয়াঘাটা উপজেলা পরিষদ, খুলনা।
৬। উপজেলা.......................................অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
৭। চেয়ারম্যান,................................ ইউ.পি, বটিয়াঘাটা, খুলনা।

১৭/০১/২০২৪

(শরীফ আসিফ রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা।
টেলিফোনঃ ০৪০২২-৫৬০০১
ই-মেইলঃ unobatiaghata@mopa.gov.bd

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে)-পরিশিষ্ট-ক

১. জনাব নিতাই গাইন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
২. জনাব চঞ্চলা মন্ডল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
৩. জনাব বিধান রায়, চেয়ারম্যান, ১নং জলমা ইউপি।
৪. জনাব পল্লব বিশ্বাস রিটু, চেয়ারম্যান, ২নং বটিয়াঘাটা, ইউ.পি।
৫. জনাব আসলাম হালদার, চেয়ারম্যান, ৩ নং গঙ্গারামপুর, ইউ.পি।
৬. জনাব এসকে জামির হোসেন, চেয়ারম্যান, ৪নং সুরখালী ইউপি।
৭. জনাব ওবায়দুল্যাহ শেখ, চেয়ারম্যান ৫নং ভান্ডারকোট ইউপি।
৮. জনাব শেখ মো : আসাবুর রহমান, চেয়ারম্যান, ৬নং বালিয়াডাঙ্গা ইউপি।
৯. জনাব জি.এম মিলন, চেয়ারম্যান, ৭নং আমিরপুর ইউপি।
১০. জনাব ডা : মো : মিজানুর রহমান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স।
১১. জনাব ডা : পলাশ কুমার দাস, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা।
১২. জানাব মনিরুল মামুন, সি :উপ : মৎস্য কর্মকর্তা
১৩. জনাব ধ্রুব জ্যোতি সরদার, উপজেলা কৃষি অফিস।
১৪. জনাব সেলিনা খাতুন, উপজেলা পঃপঃ কর্মকর্তা।
১৫. জনাব সুলতানা সারমিন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
১৬. জনাব জিএম আলমগীর কবির, উপজেলা শিক্ষা অফিসার।
১৭. জনাব সুব্রত বিশ্বাস, উপজেলা প্রকৌশলী।
১৮. জনাব এমদাদুল হক, উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা।
১৯. জনাব নবনিতা দত্ত, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
২০. জনাব মোঃ সাইদুর রহমান, ফরেস্টার,সামাজিক বনবিভাগ।
২১. জনাব সরদার আলী আহসান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা।
২২. জনাব জান্নাতুন নেছা, উপজেলা সমবায় কর্মকর্তা।
২৩. জনাব রুনা আক্তার সুমি, উপ :সহ :প্র : জনস্বাস্থ্য প্রকৌশল।
২৪. জনাব নারায়ন চন্দ্র মন্ডল, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।
২৫. জনাব মো : আবুবক্কর মোল্যা, উ :যুব উন্নয়ন কর্মকর্তা।
২৬. জনাব গুলশানআরা, ইন্সট্রাক্টর, বটিয়াঘাটা।